গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিসিএস (কর) একাডেমি
৪৭ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা-১২১৭
www.bcstaxacademy.gov.bd

নম্বর: প্রঃ ১৯/ক একা/অংশ-৩/২০২৫-২৬/ ২০৪৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

## কর আইনজীবী নিবন্ধন পরীক্ষা-২০২৬ এর বিজ্ঞপ্তি

আয়কর আইন ২০২৩ এর ধারা ৩২৭ এবং আয়কর বিধিমালা ১৯৮৪ এর বিধি ৩৭ অনুযায়ী কর আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে http://bcsta.teletalk.com.bd ওয়েবসাইটে আগামী ২১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে রেজিস্ট্রেশনের নিমিত্তে যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

০২। নিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাঃ

শিক্ষাগত যোগ্যতাঃ

দেশে/বিদেশে যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতেঃ

(ক) আইন বিষয়ে ডিগ্রী, অথবা
(খ) কর বিষয়ে ডিগ্রী, অথবা
(গ) হিসাববিজ্ঞান বিষয়সহ বাণিজ্যে ডিগ্রী, অথবা
(ঘ) উচ্চতর অডিটিংসহ ব্যাংকিং বিষয়ে ডিগ্রী, অথবা
(ঙ) ডিপ্লোমা ইন ট্যাকসেশন সহ যেকোন বিষয়ে ডিগ্রী, অথবা
(চ) উচ্চতর অডিটিংসহ ব্যাংকিং ডিপ্লোমা এবং তৎসহ যেকোন বিষয়ে ডিগ্রী।

০৩। লিখিত পরীক্ষার সিলেবাস নিম্নরূপঃ

(ক) আয়কর আইন ২০২৩
(খ) অর্থ আইন ২০২৫
(গ) আয়কর বিধিমালা ১৯৮৪
(ঘ) উৎসে কর বিধিমালা ২০২৫
(ঙ) এডিআর বিধিমালা ২০২৫
(চ) দানকর আইন ১৯৯০
(ছ) আয়কর আইন ও বিধির বাস্তব প্রয়োগ
(জ) হিসাব বিজ্ঞান
(ঝ) বাংলা ও ইংরেজি

০৪। লিখিত পরীক্ষার সময় ও পাস নম্বরঃ

লিখিত পরীক্ষার সময়-৩ ঘন্টা; পূর্ণমানঃ ৮০ এবং পাস নম্বরঃ ৪০। মৌখিক পরীক্ষার পূর্ণ মানঃ ২০ এবং পাস নম্বরঃ ১০। লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে টেলিটকের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

০৫। মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত কাগজপত্র/দলিলাদির মূল কপি প্রদর্শন ও সত্যায়িত কপি দাখিল করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট;
(খ) বর্তমান পেশা সম্পর্কে প্রার্থীর স্ব-ঘোষণাপত্র;
(গ) সাম্প্রতিক সময়ে তোলা প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি;
(ঘ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও
(ঙ) জাতীয় পরিচয়পত্র।

০৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সনদ প্রাপ্তির জন্য বিবেচিত হলে সনদ গ্রহণের পূর্বেই উল্লিখিত চাকরি হতে ইস্তফা দিয়ে ছাড়পত্র জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করতে হবে।

০৭। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল যথাসময়ে জাতীয় রাজস্ব বোর্ড ও বিসিএস (কর) একাডেমির ওয়েবসাইট এ পাওয়া যাবে। এ ছাড়াও উক্ত ফলাফল জাতীয় রাজস্ব বোর্ড ও বিসিএস (কর) একাডেমির নোটিশ বোর্ডে দেয়া হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার জন্য ইস্যুকৃত প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।

০৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে বিধিবদ্ধ প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করার পর নিবন্ধন সনদ প্রদান করা

CamScanner

হবে।

০৯। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এছাড়া, কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন আবেদনপত্র বাতিলের পূর্ণ এখতিয়ার জাতীয় রাজস্ব বোর্ড সংরক্ষণ করে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bcsta.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৭ এপ্রিল ২০২৬, - পূর্বাহ্ন ০৯:০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২১ এপ্রিল ২০২৬, অপরাহ্ন – ১২:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করার সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে কেবল পুনরায় (ওয়েবলিংকে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সদ্য তোলা (Colour Print) রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৫/- (পঁয়ত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোটঃ ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র গৃহীত হবে না।

**<u>প্রথম SMS:</u>** BCSTA<space>UserID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BCSTA ABCDEF
Reply: Applicant's Name, Tk- 335 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BCSTA<space>Yes<space>PIN and send to 16222.

**<u>দ্বিতীয় SMS:</u>** BCSTA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BCSTA YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BCSTA Application for User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bcsta.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মুঠোফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মুঠোফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মুঠোফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার

CamScanner

করতে পারবেন।

i. User ID জানা থাকলে: BCSTA<space>Help<space>User<space>UserID & Send to 16222 নম্বরে।
Example: BCSTA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: BCSTA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222 নম্বরে।
Example: BCSTA Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://bcstaxacademy.gov.bd ওয়েবসাইটে এবং http://.bcsta.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মুঠোফোন অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমা প্রদানের বিষয়টি প্রার্থী সতর্কতার সাথে সম্পন্ন করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মুঠোফোন থেকে ১২১ এ কল করুন অথবা https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজ এ যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail মেসেজ এর Subject-এ Organization Name: BCSTA, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্র প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি সনদ প্রদানের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৩। Online-এ আবেদন ও পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

05.03.2026

**(খন্দকার মোঃ হাসানুল ইসলাম)**
উপপরিচালক (প্রশাসন)
বিসিএস (কর) একাডেমি
ও
সদস্য সচিব
কর আইনজীবী নিয়োগ কমিটি

- কর পরিশোধে এ-চালান ব্যবহার করুন।
- অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করুন (www.etaxnbr.gov.bd)
- আয়কর আইন ২০২৩ এর লিংক www.nbr.gov.bd

CamScanner